

# মহাসড়ক বন্ধ করে রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের সেমিনার অনুষ্ঠিত

সিরাজগঞ্জ প্রতিনিধি



ছবি: কালের কঠ

সিরাজগঞ্জের শাহজাদপুর উপজেলার বুড়ি পোতাজিয়ায় রবীন্দ্র

বিশ্ববিদ্যালয় স্থাপনের যৌক্তিকতা বিষয়ে এক সেমিনার ঢাকা-  
পাবনা মহাসড়কের ওপরে অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার (১২ আগস্ট) সকাল সাড়ে ১০টার দিকে রবীন্দ্র

বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাসের ডিপিপির দাবিতে

বিশ্ববিদ্যালয়ের অঙ্গায়ী অ্যাকাডেমিক ভবন-৩ এর সামনে শিক্ষক,  
শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীরা এ সেমিনারের আয়োজন করেন।

## গড়ুন



৮৯% মানুষ দুই মেয়াদের বেশি প্রধানমন্ত্রী চান না,  
পিআর পদ্ধতির পক্ষে ৭১%

সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের  
সংগীত বিভাগের চেয়ারম্যান ইয়াত সিংহ শুভ। আলোচনা করেন  
রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনা কর্মকর্তা চন্দন মন্ডল ও  
গবেষণা কর্মকর্তা শহিদুল ইসলাম।

সভাপতিত্ব করেন রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের প্রষ্ঠের (ভারপ্রাণ) নজরঞ্জ  
ইসলাম। এ সময় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও  
কর্মচারীরা উপস্থিত ছিলেন।

মন



কমলগঞ্জে সংবাদপত্র হকারদের মাঝে বসুন্ধরা  
শুভসংঘের ছাতা বিতরণ

প্রসঙ্গত, প্রতিষ্ঠার নয় বছর পেরিয়ে গেলেও রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের  
স্থায়ী ক্যাম্পাস নির্মাণের ডিপিপি অনুমোদন হয়নি। ডিপিপির  
দাবিতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীরা  
দীর্ঘদিন ধরে সরকারের কাছে তাদের দাবি জানিয়ে আসছেন।

এ অবস্থায় গত ২৬ জুলাই রবীন্দ্র বিশ্ববিদ্যালয় দিবসের কর্মসূচি  
বয়কটের মধ্যদিয়ে লাগাতার আন্দোলন করছেন তারা। কিন্তু  
সরকারের পক্ষ থেকে এ বিষয়ে এখনো কোন পদক্ষেপ নেওয়া  
হয়নি।

